## শিখনকালীন মূল্যায়ন:

৬ষ্ঠ শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন ট্রান্সক্রিপ্টে শিখনকালীন মূল্যায়নের তথ্য হিসেবে যে পারদর্শিতার সূচকের মাত্রাসমূহ অন্তর্ভুক্ত হবে সেগুলো নিচের ছকে দেয়া হলো। পাশাপাশি এই সূচকসমূহ যেসব যোগ্যতা মূল্যায়নে ব্যবহৃত হবে এবং যেসব অভিজ্ঞতা চলাকালে এই সূচকের মাত্রা নিরূপিত হবে তাও এখানে উল্লেখ করা হয়েছে।

| শিখন অভিজ্ঞতা | প্রাসঙ্গিক যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক |
|---|---|---|
| **১। আত্মপরিচয়** | ৬.২ ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে নিজের আত্মপরিচয় ধারণ করা ও সেই অনুযায়ী দায়িত্বশীল আচরণ করতে পারা | ৬.২.১ আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদান সমূহ চিহ্নিত করে নিজের ও অন্যের ব্যক্তিগত আত্মপরিচয় বিষয়ে সচেতন হয়ে শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে। |
| **২। সক্রিয় নাগরিক ক্লাব** | ৬.৬ সমাজে ব্যক্তির অবস্থান ও তার ভূমিকা বিদ্যমান সামাজিক এবং রাজনৈতিক কাঠামো দ্বারা কীভাবে নির্ধারিত হয় তা অনুসন্ধান করতে পারা | ৬.৬.১ বিদ্যমান সামাজিক ও রাজনৈতিক কাঠামো কীভাবে ব্যক্তির অবস্থান ও তার ভূমিকাকে প্রভাবিত করে তা অনুধাবন করতে পারছে। |
| **৩। বিজ্ঞানের চোখ দিয়ে চারপাশ দেখি** | ৬.১ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করে সময় ও ভৌগোলিক অবস্থানের সাপেক্ষে সামাজিক কাঠামো ও এর উপাদানসমূহের পরিবর্তন অন্বেষণ করতে পারা | ৬.১.১ সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষনে বৈজ্ঞানিক পদ্ধতির ধাপ সমূহ ব্যবহার করতে পারছে। |
| **৪। আমাদের এলাকায় মুক্তিযুদ্ধ** | ৬.৪ লিখিত উৎসের সঙ্গে সামাজিক ও সাংস্কৃতিক উপাদান থেকে ঐতিহাসিক তথ্য অনুসন্ধান করে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করতে পারা | ৬.৪.১ মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করে কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে। |

## সামষ্টিক মূল্যায়ন

কাজের শিরোনাম: অন্যদের চিনে নিজেকে জানি

প্রাসঙ্গিক যোগ্যতা

- ৬.২ ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে নিজের আত্মপরিচয় ধারণ করা ও সেই অনুযায়ী দায়িত্বশীল আচরণ করতে পারা
- ৬.১ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করে সময় ও ভৌগোলিক অবস্থানের সাপেক্ষে সামাজিক কাঠামো ও এর উপাদানসমূহের পরিবর্তন অন্বেষণ করতে পারা
- ৬.৪ লিখিত উৎসের সঙ্গে সামাজিক ও সাংস্কৃতিক উপাদান থেকে ঐতিহাসিক তথ্য অনুসন্ধান করে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করতে পারা
- ৬.৬ সমাজে ব্যক্তির অবস্থান ও তার ভূমিকা বিদ্যমান সামাজিক এবং রাজনৈতিক কাঠামো দ্বারা কীভাবে নির্ধারিত হয় তা অনুসন্ধান করতে পারা

সারসংক্ষেপ:

শিক্ষার্থীরা দলগতভাবে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেছেন বা মুক্তিযুদ্ধে সহযোগিতা করেছেন এমন একজন ব্যাক্তির আত্ম-পরিচয়ের ছক তৈরি করবে। কোনভাবেই যদি এমন ব্যাক্তি খুঁজে না পাওয়া যায় তাহলে বিকল্প হিসেবে এমন একজন ব্যাক্তির কাছে যাবে যিনি একজন মুক্তিযোদ্ধার সরাসরি পরিচিত ছিল ও তাঁর গল্পটি ভাল করে বলতে পারবেন। প্রয়োজন হলে স্কুল কর্তৃপক্ষ শিক্ষার্থীদের এমন ব্যাক্তির সন্ধান করা ও তাঁর কাছে নিয়ে যাওয়ার জন্যে যা যা সহযোগিতা দরকার তা প্রদান করতে অভিভাবকদের আনুষ্ঠানিকভাবে অনুরোধ করবেন। দল তৈরি করার সময় বা কাজটি যদি করার ক্ষেত্রে কোন শিক্ষার্থীর বিশেষ প্রয়োজন থাকে (ইনক্লুসিভ করতে হলে) শিক্ষক ও অভিভাবক এবং বাকি শিক্ষার্থীরা যেন তাকে সাহায্য করে সে দিকে মনোযোগ দিতে হবে। শিক্ষার্থীরা দলগত আলোচনার মাধ্যমে কাজভাগ করে একটি কর্মপরিকল্পনা তৈরি করবে।

## ৬ষ্ঠ শ্রেণির জন্য অর্ধবার্ষিক সামষ্টিক মূল্যায়ন এর নির্দেশিকা

### অর্ধবার্ষিক মূল্যায়ন ॥ বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান ॥ শ্রেণি: ৬ষ্ঠ

| শ্রেণি | যোগ্যতা | অভিজ্ঞতা | পি আই | প্রস্তুতিমূলক ক্লাস/পিরিয়ড | চূড়ান্ত মূল্যায়নের দিন প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ৬.২<br>৬.৬<br>৬.১<br>৬.৪ | • আত্মপরিচয়<br>• সক্রিয় নাগরিক ক্লাব<br>• বিজ্ঞানের চোখ দিয়ে চারপাশ দেখি<br>• আমাদের এলাকায় মুক্তিযুদ্ধ | ৬.২.১<br>৬.৬.১<br>৬.১.১<br>৬.৪.১ | ২ টি | ১ দিন |

কাজের নির্দেশনা

- সামষ্টিক মূল্যায়নের জন্য ২টি প্রস্তুতিমূলক সেশন এবং একটি চূড়ান্ত মূল্যায়ন দিবসের প্রয়োজন হবে।
- প্রস্তুতিমূলক সেশনে প্রথম দিন শিক্ষক শ্রেণির শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দেবেন, প্রতিটি দলে ৪ থেকে ৫ জন শিক্ষার্থী থাকবে। তিনি প্রতি দলকে তাদের এলাকার মহান মুক্তিযুদ্ধে সরাসরি অংশগ্রহণ করেছেন অথবা যেকোনো ভাবে সহযোগীতা করেছেন এমন একজন বয়স্ক মানুষ খুঁজে বের করবে। এই ক্ষেত্রে অভিভাবকের সাহায্যের প্রয়োজন হবে। প্রয়োজন হলে স্কুল কর্তৃপক্ষ এই বিষয়ে অভিভাবকদের আনুষ্ঠানিকভাবে অনুরোধ জানাবেন।
- প্রস্তুতিমূলক সেশন নং ২ এর দিন শিক্ষার্থী অনুশীলন বইয়ের আঙ্গিকে বৈজ্ঞানিক ধাপ অনুসরন করে কর্মপরিকল্পনা তৈরি করবে ও এর অংশ হিসেবে সাক্ষাৎকারের জন্য শিক্ষার্থীরা ক্লাসেই শিক্ষকের সামনে বসে তারা সেই ব্যাক্তি সম্বন্ধে কি কি জানতে চায় দলীয় আলোচনার মাধ্যমে একটি প্রশ্নমালা তৈরি করবে। প্রশ্নপত্রের মাধ্যমে তিনি কীভাবে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছেন/সহায়তা প্রদান করেছেন এমন একজনের সাক্ষাৎকার গ্রহন করবে। যদি এমন কাউকে খুঁজে না পাওয়া যায় তাহলে একজন মুক্তিযোদ্ধার থেকে সরাসরি তাঁর অভিজ্ঞতা শুনেছেন এবং ভাল ভাবে বলতে পারবেন এমন একজনের সাক্ষাৎকার গ্রহন করতে হবে। কর্মপরিকল্পনা ও প্রশ্নপত্র দলীয় ভাবে শিক্ষার্থীরা আলোচনা করে ও লিখে শিক্ষককে এক কপি জমা দিয়ে ও প্রত্যেকে এক কপি সাথে নিয়ে বাড়ি ফিরবে।
- প্রস্তুতিমূলক সেশন ২ এর পরে ১ সপ্তাহ সময়ের মধ্যে ব্যাক্তিকে খুঁজে বের করে সাক্ষাৎকার গ্রহন করতে হবে এবং সাক্ষাৎকার গ্রহনের সময় সকল শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার করে অনলাইনে মিটিং ও করা যেতে পারে, তবে সকল শিক্ষার্থীর মধ্যে প্রশ্নমালার প্রশ্নগুলো সমান ভাবে বন্টন করে দিতে হবে এবং কে কোন প্রশ্নটি করবে তা কর্মপরিকল্পনা পত্রে উল্লেখ করে দিতে হবে।
- শিক্ষার্থীরা প্রত্যেকে সাক্ষাৎকারের সময় ডায়েরিতে তথ্য সংগ্রহ করবে। পরবর্তীতে এই তথ্যের ভিত্তিতে মূল্যায়নের দিন পরিচয়ের ছক পোস্টারে প্রেজেন্ট করবে। দলগত উপস্থাপনের সময় শিক্ষার্থীরা কর্মপরিকল্পনা, প্রশ্নপত্র ও পরিচয়ের ছক সবার সামনে তুলে ধরবে এবং দলের প্রত্যেককেই কিছু না কিছু উপস্থাপন করতে হবে। ডায়েরির তথ্যগুলোকে সাজিয়ে একটি কাগজে এককভাবে শিক্ষার্থীকে সংগৃহীত তথ্যপত্র জমা দিতে হবে।

- মূল্যায়নের দিনের কার্যক্রম-
  i) প্রথম সেশন থেকে টিফিন পিরিওড পর্যন্ত পরিচয়ের ছকের পোস্টার, কর্মপরিকল্পনার পোস্টার ও প্রশ্নপত্রের পোস্টার তৈরি করবে। টিফিনের পরের সেশনে দলীয় উপস্থাপন করবে।
  ii) ৫ম ও ৬ষ্ঠ সেশনে শিক্ষক সবগুলো পোস্টার জমা নিয়ে প্রতিটি শিক্ষার্থীকে একটি করে কাগজ দিবে ও তাদেরকে সাক্ষাৎকারের অভিজ্ঞতার ভিত্তিতে সেই ব্যাক্তির মুক্তিযুদ্ধের তথ্য বা সামাজিক কাজের অভিজ্ঞতার আলোকে "সেই মুক্তিযোদ্ধার প্রভাবে দেশের কীভাবে কল্যাণ হল" নামক একটি অনুচ্ছেদ লিখতে হবে ১০০-১৫০ শব্দের মধ্যে। এটি একটি একক মূল্যায়ন হবে এবং শিক্ষকের সামনে বসে হবে এবং শিক্ষক সেই অনুচ্ছেদটি জমা নিবেন।
- মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক নিচের রুব্রিক্সের সাহায্যে কর্মপরিকল্পনা পত্র, পরিচয়ের ছক, প্রশ্নপত্র, একক সংগৃহীত তথ্যপত্র, অনুচ্ছেদ ও উপস্থাপনকে মূল্যায়ন করবেন।

মূল্যায়ন রুব্রিক্স:

<table>
<tr><td colspan="4">ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন</td></tr>
<tr><td colspan="2">শিরোনাম : অন্যদের চিনে নিজেকে জানি</td><td>শ্রেণি : ৬ষ্ঠ</td><td>বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td>৬.২.১ আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানসমূহ চিহ্নিত করে নিজের ও অন্যের ব্যক্তিগত আত্মপরিচয় বিষয়ে সচেতন হয়ে শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে।</td><td>আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানগুলো চিহ্নিত করতে পারলেও নিজের ব্যাক্তিগত আত্মপরিচয় নিয়ে গর্ববোধ করতে পারছে না এবং অন্যের ব্যক্তিগত আত্মপরিচয়ের প্রতিও শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে না।</td><td>আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানগুলো চিহ্নিত করে নিজের ব্যক্তিগত আত্মপরিচয় নিয়ে গর্ববোধ করতে পারলেও অন্যের ব্যাক্তিগত আত্মপরিচয়ের প্রতি শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে না।</td><td>আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানগুলো চিহ্নিত করে নিজের ব্যক্তিগত আত্মপরিচয় নিয়ে গর্ববোধ এবং অন্যের ব্যক্তিগত আত্মপরিচয়ের প্রতি শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে।</td></tr>
<tr><td></td><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>পরিচয়ের ছক পূরণ করতে পারে নাই।</td><td>পরিচয়ের ছক আংশিক পূরণ করতে পেরেছে।</td><td>পরিচয় ছক সম্পূর্ণরূপে পূরণ করতে পেরেছে।</td></tr>
<tr><td>৬.৬.১ বিদ্যমান সামাজিক ও রাজনৈতিক কাঠামো কীভাবে ব্যক্তির অবস্থান ও তার ভূমিকাকে প্রভাবিত করে তা অনুধাবন করতে পারছে।</td><td>বিদ্যমান বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কাঠামোগুলো চিহ্নিত করতে পারলেও ব্যক্তি জীবনে তার প্রভাব অনুধাবন করতে পারছে না।</td><td>ব্যক্তির অবস্থান ও তার ভূমিকা নির্ধারণে সামাজিক অথবা রাজনৈতিক কাঠামোর যে কোন একটির প্রভাব অনুধাবন করতে পারছে।</td><td>ভূমিকা নির্ধারণে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কাঠামোর প্রভাব অনুধাবন করতে পারছে।</td></tr>
<tr><td></td><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>লিখিত অনুচ্ছেদে সেই ব্যাক্তির কারণে কি কল্যাণ হয়েছে তা লিখতে পারে নি।</td><td>লিখিত অনুচ্ছেদে সেই ব্যাক্তির কারণে কি কল্যাণ হয়েছে তা অস্পষ্টভাবে উল্লেখ করতে পারছে।</td><td>লিখিত অনুচ্ছেদে সেই ব্যাক্তির কারণে কি কল্যাণ হয়েছে তা স্পষ্টভাবে উল্লেখ করতে পেরেছে।</td></tr>
<tr><td>৬.১.১ সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষনে বৈজ্ঞানিক পদ্ধতির ধাপসমূহ ব্যবহার করতে পারছে।</td><td>সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষণে উপযুক্ত প্রশ্ন উত্থাপন করতে পারলেও যথাযথ উপায়ে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করতে পারছেনা।</td><td>সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষণে উপযুক্ত প্রশ্ন উত্থাপন করে যথাযথ উপায়ে তথ্য সংগ্রহ করতে পারলেও বিশ্লেষণ করতে পারছেনা অথবা বিশ্লেষণ করতে পারলেও ফলাফলে পৌছাতে পারছেনা।</td><td>সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষণে উপযুক্ত প্রশ্ন উত্থাপন করে যথাযথ উপায়ে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে ফলাফল উপস্থাপন করতে পারছে।</td></tr>
<tr><td></td><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>শিক্ষার্থীর প্রশ্নপত্র ও সংগৃহীত উত্তরপত্রে প্রশ্ন উত্থাপন যথাযথভাবে করতে পারেনি ও তথ্য সংগ্রহ করতে পারেনি</td><td>শিক্ষার্থী প্রশ্নপত্র ও তথ্যপত্রের যেকোন একটি ভালভাবে তৈরি করতে পেরেছে।</td><td>শিক্ষার্থী যথাযথভাবে প্রশ্নপত্র ও উত্তরপত্র তৈরি করতে পেরেছে।</td></tr>
<tr><td>৬.৪.১ মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করে কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে।</td><td>মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধিও করতে পারছে না ও কাজের মাধ্যমে দেশের প্রতি মমতাও প্রকাশ করতে পারছে না।</td><td>মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করলেও কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে না।</td><td>মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করে কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে।</td></tr>
<tr><td></td><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>মুক্তিযুদ্ধ বিষয়ে লেখা অনুচ্ছেদ ও মুক্তিযোদ্ধার ছকের আলোকে শিক্ষার্থীর উপস্থাপনে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করতে পারছেনা ও দেশের প্রতি মমতাও প্রকাশ করতে পারছেনা।</td><td>মুক্তিযুদ্ধ বিষয়ে লেখা অনুচ্ছেদ ও মুক্তিযোদ্ধার ছকের আলোকে শিক্ষার্থীর উপস্থাপনে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করতে পারছেনা ও দেশের প্রতি মমতা প্রকাশ করতে এই দুই এর মধ্যে</td><td>মুক্তিযুদ্ধ বিষয়ে লেখা অনুচ্ছেদ ও মুক্তিযোদ্ধার ছকের আলোকে শিক্ষার্থীর উপস্থাপনে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করতে ও দেশের প্রতি মমতা পুরোপুরি প্রকাশ করতে পারছে।</td></tr>
</table>

| প্রতিষ্ঠানের নাম | | | |
|---|---|---|---|
| শিক্ষার্থীর নাম | | | |
| শিক্ষার্থীর আইডি: ................................ | শ্রেণি : ষষ্ঠ | বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিক্ষকের নাম : |

## পারদর্শিতার সুচকের মাত্রা

| পারদর্শিতার সুচক | শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|
| ৬.২.১ আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানসমূহ চিহ্নিত করে নিজের ও অন্যের ব্যক্তিগত আত্মপরিচয় বিষয়ে সচেতন হয়ে শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে। | □ | ○ | △ |
| | আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানগুলো চিহ্নিত করতে পারলেও নিজের ব্যাক্তিগত আত্মপরিচয় নিয়ে গর্ববোধ করতে পারছে না এবং অন্যের ব্যক্তিগত আত্মপরিচয়ের প্রতিও শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে না। | আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানগুলো চিহ্নিত করে নিজের ব্যক্তিগত আত্মপরিচয় নিয়ে গর্ববোধ করতে পারলেও অন্যের ব্যাক্তিগত আত্মপরিচয়ের প্রতি শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে না। | আত্মপরিচয়ের ব্যক্তিগত উপাদানগুলো চিহ্নিত করে নিজের ব্যক্তিগত আত্মপরিচয় নিয়ে গর্ববোধ এবং অন্যের ব্যক্তিগত আত্মপরিচয়ের প্রতি শ্রদ্ধাপূর্ণ আচরণ করতে পারছে। |
| ৬.৬.১ বিদ্যমান সামাজিক ও রাজনৈতিক কাঠামো কীভাবে ব্যক্তির অবস্থান ও তার ভূমিকাকে প্রভাবিত করে তা অনুধাবন করতে পারছে। | □ | ○ | △ |
| | বিদ্যমান বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কাঠামোগুলো চিহ্নিত করতে পারলেও ব্যক্তি জীবনে তার প্রভাব অনুধাবন করতে পারছে না। | ব্যক্তির অবস্থান ও তার ভূমিকা নির্ধারণে সামাজিক অথবা রাজনৈতিক কাঠামোর যে কোন একটির প্রভাব অনুধাবন করতে পারছে। | ভূমিকা নির্ধারণে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কাঠামোর প্রভাব অনুধাবন করতে পারছে। |
| ৬.১.১ সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষনে বৈজ্ঞানিক পদ্ধতির ধাপসমূহ ব্যবহার করতে পারছে। | □ | ○ | △ |
| | সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষণে উপযুক্ত প্রশ্ন উত্থাপন করতে পারলেও যথাযথ উপায়ে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করতে পারছেনা। | সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষণে উপযুক্ত প্রশ্ন উত্থাপন করে যথাযথ উপায়ে তথ্য সংগ্রহ করতে পারলেও বিশ্লেষণ করতে পারছেনা অথবা বিশ্লেষণ করতে পারলেও ফলাফলে পৌছাতে পারছেনা। | সামাজিক কাঠামোর পরিবর্তন অন্বেষণে উপযুক্ত প্রশ্ন উত্থাপন করে যথাযথ উপায়ে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে ফলাফল উপস্থাপন করতে পারছে। |
| ৬.৪.১ মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করে কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে। | □ | ○ | △ |
| | মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধিও করতে পারছে না ও কাজের মাধ্যমে দেশের প্রতি মমতাও প্রকাশ করতে পারছে না। | মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করলেও কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে না। | মুক্তিযুদ্ধ বিষয়ক অনুসন্ধানের মাধ্যমে মুক্তিযুদ্ধে সর্বস্তরের মানুষের অবদান উপলব্ধি করে কাজের মাধ্যমে দেশের প্রতি মমতা প্রকাশ করতে পারছে। |

